

শাহ আমানত ইমিগ্রেশনে স্ক্রিনিং, মাস্ক বাধ্যতামূলক

- A Monitor Desk Report

Date: 09 June, 2025



চট্টগ্রাম : প্রতিবেশী দেশ ভারতসহ বিভিন্ন দেশে করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। এমন পরিস্থিতিতে বাংলাদেশে সংক্রমণ এড়াতে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রবিবার (৮ জুন) বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, আন্তর্জাতিক আগমনী হলে ইমিগ্রেশন এ প্রবেশস্থলে হেলথ স্ক্রিনিং ইকুইপমেন্ট বসানো হয়েছে। বিমানবন্দরের মেডিকেল টিমের মাধ্যমে থার্মাল স্ক্যানারের মাধ্যমে নন-টাচ পদ্ধতিতে আগত যাত্রীদের দেহের তাপমাত্রা নির্ণয় করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

এছাড়াও বিমানবন্দরের টার্মিনালের স্পর্শকাতর পয়েন্টগুলোতে সবাইকে মাস্ক ব্যবহারের জরুরি নির্দেশনা দেওয়া হয়েছে। বিমানবন্দরের স্বাস্থ্যকর্মীদের জন্য জরুরি ভিত্তিতে পর্যাপ্ত মাস্ক ও গ্লাভস মজুতের ব্যবস্থা নেওয়া হয়েছে।

যাত্রীদের মধ্যে ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে গণসচেতনতা বৃদ্ধির জন্য রোগ প্রতিরোধ নির্দেশনা প্রচারের ব্যবস্থাও নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিমানবন্দর কর্তৃপক্ষ।

-B